গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ময়মনসিংহ।
www.dgfood.gov.bd

স্মারক নংঃ- ১৩.০১.৬১০০.০০৩.৪৯.১২৫.১৮.১৪৮৮ (১০০) তারিখ ঃ-১৯/০৫/২০১৯ খ্রিঃ।

# "দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা খাদ্য অধিদপ্তরের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর অধীন সড়ক পথে নির্ধারিত রুটে খাদ্যশস্য, খাদ্য দ্রব্য, ভোজ্যতেল, খালিবস্তা, ত্রান সামগ্রী এবং অন্যান্য পণ্য ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের পরিবহন কাজের জন্য "অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদার" নিয়োগের নিমিত্ত আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে পৃথক পৃথক ভাবে দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১) | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২) | এজেন্সী | ঃ | খাদ্য অধিদপ্তর, ঢাকা। |
| ৩) | সংগ্রাহক সত্তার পদবী | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ |
| ৪) | দরপ্রস্তাব আহ্বানকারী কর্মকর্তার নাম | ঃ | মোঃ জাহাঙ্গীর আলম |
| ৫) | দরপ্রস্তাব বিজ্ঞপ্তি নং ও তারিখ | ঃ | স্মারক নং ১৪৮৮ (১০০) তারিখ ঃ- ১৯/০৫/২০১৯খ্রিঃ। |
| ৬) | যে কাজের জন্য দরপ্রস্তাব | ঃ | সিডিউলের বর্ণনা মোতাবেক ময়মনসিংহ জেলার সড়ক পথে নির্ধারিত রুটে খাদ্যশস্য, খাদ্যদ্রব্য, ভোজ্যতেল, খালিবস্তা, ত্রাণসামগ্রী এবং অন্যান্য মালামাল পরিবহন কাজ। |
| ৭) | কাজের সময়কাল | ঃ | ২০১৯-২০ ও ২০২০-২০২১ অর্থ বছর। |
| ৮) | সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ৯) | দর প্রস্তাব তফসিল মূল্য (প্রতি সেট) | ঃ | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য)। |
| ১০) | টেন্ডার সিকিউরিটি | ঃ | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য)। |
| ১১) | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | দরপত্র তফসিলে উল্লেখিত পরিমান। |
| ১২) | বাজেট ও তহবিল উৎস | ঃ | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| ১৩) | দরপত্র বিক্রয় ও প্রাপ্তিস্থান | ঃ | হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ (অফিস চলাকালীন সময়)। |
| ১৪) | দরপ্রস্তাব তফসিল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ১৩/০৬/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১৫) | দরপ্রস্তাব গ্রহণের স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এবং জেলা প্রশাসক, ময়মনসিংহ এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স। |
| ১৬) | দরপ্রস্তাব গ্রহণের তারিখ ও সময় | ঃ | ১৬/০৬/২০১৯ খ্রিঃ বেলা ঃ ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৭) | দরপ্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ক) ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র বাক্স ও সকল যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর অফিস কক্ষে উপস্থিত দরপ্রস্তাব দাতা/দরপ্রস্তাব দাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্ত কমিটি কর্তৃক খোলা হবে।<br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবলমাত্র Responsive দরপত্র দাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ ও সময় জেলা খাদ্য নিয়ন্ত্রক ময়মনসিংহ এর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হবে। |
| ১৮) | ঠিকাদারের যোগ্যতা | ঃ | পরিবহন কাজে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা (সাধারন কাজে ০১ বছর এবং খাদ্য বিভাগীয় পরিবহনে ০১ বছর) অথবা খাদ্য বিভাগীয় পরিবহনে ০২ বছর। |
| ১৯) | উদ্ধৃত দর | ঃ | সর্বনিম্ন মূল্যায়িত দরের সমতা হলে PPR ২০০৮ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। |
| ২০) | দরপ্রস্তাব দাখিলের নিয়মাবলী | ঃ | দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক হলে আর্থিক প্রস্তাব খোলা হবে। |
| ২১) | দরপ্রস্তাবের মেয়াদকাল | ঃ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বলবৎ থাকবে। |
| ২২) | দরপ্রস্তাব আহবানকারী কর্মকর্তার ঠিকানা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ। |
| ২৩) | দরপ্রস্তাব আহবানকারী সংগ্রাহক সত্তার টেলিফোন নম্বর | ঃ | ০৯১-৬৪৩৫৯ |
| ২৪) | অত্র দরপ্রস্তাব পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন অথবা যে কোন বা সকল দরপ্রস্তাব গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

(মোঃ জাহাঙ্গীর আলম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), ময়মনসিংহ।

আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ছবি সহ আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক সিডিউলের সাথে সংযুক্ত যোগ্যতা বিষয়ক ফরম ও আর্থিক প্রস্তাব ফরম পূরণ করে অত্র দরপত্রে চাহিত ডকুমেন্ট সংযুক্ত করে উভয় প্রস্তাব (পৃথক পৃথক খামে এবং উভয় খাম অপর একটি বড় খামে) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বরাবর আবেদন করতে হবে।

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী ঃ-

১। নিজ নামের/প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টি আই এন (TIN) নম্বর সহ হালসন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও যে কোন সিডিউল ব্যাংক হতে Bank solvency certificate/Bank Statement দাখিল করতে হবে (২০১৯ সালে ইস্যুকৃত)।

৩। একক মালিকানার ক্ষেত্রে কোন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের নিকট হতে প্রদত্ত একক মালিকানার সংশ্লিষ্ট হলফনামা (এফিডেভিট) এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্ব-পক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট ষ্টক কোম্পানীর সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। চাহিত সকল সনদ পত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমুহের মুল কপি প্রদর্শন করতে হবে।

৮। অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামার মূলকপি দাখিল করতে হবে।

৯। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা-মোকদ্দমা দায়ের করা যাবেনা মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে এবং কোন দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তি মূলক কর্মকান্ডে সম্পৃক্ত হবে না মর্মে দরপ্রস্তাব দলিলে নির্দেশিত ফর্মে অঙ্গীকার করতে হবে।

১০। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী মামলার চুড়ান্তভাবে দোষী সাব্যস্ত/কালো তালিকাভূক্ত হয়ে থাকলে বা সংশ্লিষ্টতা থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।

১১। সালিশী মামলা নিষ্পত্তির অপেক্ষায়/মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে। তবে সালিশী/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২। প্রতিটি সেট দরপ্রস্তাব সিডিউলের মূল্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা (অফেরৎযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহে কোড নং- '১/৪৮৩১/০০০১/২৩৬৬' তে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মুল কপি অত্র দপ্তরে জমা দিয়ে দরপ্রস্তাব ক্রয় করতে হবে। জমাকৃত চালানের ফটোকপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপ্রস্তাব সিডিউল ক্রয় করতে হবে।

১৩। যে সকল দরদাতার নিজস্ব ট্রাক রয়েছে তাদেরকে ব্লু-বুকের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং যাদের নিজস্ব ট্রাক নেই তাদেরকে ভাড়ার স্বপক্ষ্যে মূল চুক্তিপত্র দাখিল করতে হবে।

১৪। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ প্রাপ্তির পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। দরপত্র দাতা দরপত্র তফসিলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণপূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপ্রস্তাব তফসিল, চুক্তিপত্র ও দরপ্রস্তাব বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৬। দরপ্রস্তাব, নির্ধারিত তারিখ, দিন ও নির্ধারিত সময়ের মধ্যে দরপ্রস্তাব গ্রহণের বাক্সে ফেলতে হবে। কুরিয়ার/ডাকযোগে প্রেরিত দরপ্রস্তাব গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। শর্তযুক্ত, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপ্রস্তাব বিবেচিত হবে না এবং প্রাইস সিডিউল/দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

১৮। ঠিকাদার হিসেবে নিয়োগপ্রাপ্ত হলে বিধি মোতাবেক বিলের অনুকুলে আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।

১৯। এতদসঙ্গে সংযুক্ত instruction to tenders (section 1), Tender Data sheet (Section 2), General Conditions of Contract (Section 3), Particular Conditions of Contract (Section 4), Tender and Contract Forms (Section 5) ও অন্যান্য কাগজপত্র দরপ্রস্তাব দলিলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে।

২০। ঠিকাদারের যোগ্যতা ঃ-

দরপ্রস্তাব দাতার পরিবহন কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে সাধারন পরিবহন কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১ (এক) বছরের অথবা খাদ্য বিভাগের পরিবহন কাজের মোট ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের আওতায় পরিবহন ঠিকাদারী অভিজ্ঞতার সনদ জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষক/চলাচল ও সংরক্ষন নিয়ন্ত্রক/উপ-পরিচালক(চপরেস), চলাচল ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক জারিকৃত হতে হবে। অন্যান্য সরকারি/আধা সরকারি বা স্বায়ত্বশাসিত সংস্থা কিংবা অন্য কোন সংস্থার পরিবহন ঠিকাদারীর অভিজ্ঞতার ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তা/আয়ন ও ব্যায়ন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র। প্রতিষ্ঠানের লেটার প্যাডে ০১ (এক) লক্ষ টাকার নগদ সম্পদের ঘোষনাপত্র এবং শেষ ৩(তিন) বছরে গড়ে নুন্যতম ০২ (দুই) লক্ষ টাকার আর্থিক টার্নওভার দাখিল করতে হবে। সম দরদাতার সংখ্যা একাধিক হলে পিপিআর/২০০৮ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

২১। দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ-

ক) দুই খাম পদ্ধতিতে দরপ্রস্তাব দাখিল করতে হবে। "ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব" এবং "আর্থিক প্রস্তাব" ২ টি ভিন্ন খামে সীলগালা করে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগে কাজের নাম এবং মাঝখানে "ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব" ও আর্থিক প্রস্তাব খামে " আর্থিক প্রস্তাব" লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে প্রাপক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে।

খ) আর্থিক প্রস্তাব ফরমে বর্ণিত কার্য তফসীলের প্রতিটি আইটেমের ডান দিকে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের প্রাক্কলিত কাজের পরিমানের উপর ভিত্তি করে (সরকারী প্রয়োজনে উক্ত পরিমান কম /বেশী হতে পারে)। দরদাতাকে প্রতি রুটের বিপরীতে মেঃ টন হিসেবে একক দর অংকে ও কথায়, মোট মূল্য (রুট ভিত্তিক মোট কাজের হিসেবে) শুধুমাত্র নির্ধারিত কলামে/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, দশমিকের পরে দুই অংকের বেশী ব্যবহার করা যাবে না। সর্বমোট মূল্যের ভিত্তিতে সর্বনিম্ন দর মূল্যায়ন বা সাব্যস্ত করা হবে। রুট ওয়ারী একক দর ও মোট দরের মধ্যে গরমিল হলে রুট ভিত্তিক মেঃ টন হিসেবে প্রদত্ত দর গৃহীত হবে এবং তদানুযায়ী মোট দর ও সর্বমোট মূল্য সংশোধিত হবে।

২২। টেন্ডার সিকিউরিটি ঃ-

ক) দরপ্রস্তাবের সাথে বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর অনুকুলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে না।

খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরৎ দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি বাস্তবায়নের পর ফেরৎ দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহনযোগ্য হবে না।

গ) যোগ্যতা প্রস্তাব খামে Technical Proposal Submission Sheet (Form S-1), Tender Information Sheet (Form S-2) যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম যথাযথভাবে পুরন করে (চাহিত সকল কাগজপত্র সহ) দরপ্রস্তাব দাতার সীল ও স্বাক্ষরসহ দাখিল করতে হবে।

ঘ) আর্থিক প্রস্তাব খামে Technical Proposal Submission Letter (Form S-4) দরপত্র তফসিল, দরপত্র দাখিলের নিয়মাবলী ২০(খ) অনুযায়ী যথাযথভাবে পূরণ করে দরপ্রস্তাব দাতার সীল ও স্বাক্ষরসহ দাখিল করতে হবে।

২৩। ঠিকাদার নির্বাচন পদ্ধতি ঃ-

ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মুল্যায়নে Responsive হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও Head of the procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চুড়ান্ত বলে গণ্য হবে মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক মুল্যায়িত সর্বনিম্ন দরের আর্থিক ক্রমানুসারে দরদাতার তালিকা প্রস্তুত করা হবে এবং সর্বনিম্ন দরে জেলার জন্য প্রয়োজনীয় সংখ্যক ঠিকাদার নিয়োগ করা যেতে পারে।

খ) উল্লেখ্য অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রের কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর/২০০৮ এ প্রযোজ্য আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) Tender Information Sheet (Form S-2) পুরণ করে দরপত্র দাতার সীল ও স্বাক্ষর দিয়ে যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে দাখিল করতে হবে। খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষন ও সাইলো বিভাগের ১৬/১০/২০০৮ তারিখের ১০৮৭(৬) নং স্মারকে প্রেরিত Standard Tender Document for the Procurement of Trasportation & Related Service এবং ০৩/১১/০৯ তারিখের ১০৭৬(৬) নং স্মারক পত্রের আলোকে দরপত্রের কার্যক্রম অনুসরণ করা হবে।

২৪। পারফরমেন্স সিকিউরিটি/Notification of Awards ঃ-

Letter of intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে পারফরমেন্স সিকিউরিটি বাবদ প্রতি লটে জামানত হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও NOA এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিয়ে ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৫। পণ্যের নিরাপত্তা জামানত ঃ-

পণ্যের নিরাপত্তা জামানত হিসাবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সূচী জারীর পর তিন দিনের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর বরাবর পে অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিয়ে ঠিকাদারকে সুচীর মালামাল পরিবহন কাজ শুরু করতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত মালামাল পরিবহন করা যাবেনা।

২৬। চুক্তি সম্পাদন ঃ-

ক) আবেদন কারীর যোগ্যতা প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বোচ্চ স্কোরধারী Responsive দরপ্রস্তাব দাতাকে তার দেয় সর্বনিম্ন দরে ঠিকাদার হিসেবে নির্বাচিত করা হবে।

খ) দরপ্রস্তাবে সর্বনিম্ন/সাব্যস্ত দরপ্রস্তাব দাতার দর বৈধ বিবেচিত হওয়ার পর তা অনুমোদিত হলে "Letter of intent" প্রদান করা হবে এবং দরপ্রস্তাবের সকল শর্তাদি পূরণ শেষে পত্র প্রাপ্তির ২৮ (আটাশ) দিনের মধ্যে পারফরমেন্স সিকিউরিটি বাবদ ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা জমা দিয়ে চুক্তি সম্পাদন করতে হবে।

২৭। চুক্তি সংশোধন ঃ-

সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য অভ্যন্তরীন সড়ক পরিবহন ঠিকাদার সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/ পরিপত্রসহ দরপত্র তফসিল শর্তাবলী ও নিয়মাবলী চুক্তি পত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৮। গোপনীয় প্রতিবেদন ঃ-

নির্বাচিত আবেদনকারীর ক্ষেত্রে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ তথ্যাদি সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশী ও খাদ্য বিভাগীয় হাল নাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যাতিত চুক্তি সম্পাদন করা যাবে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৯। ক্ষমতা সংরক্ষণ ঃ-

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপ্রস্তাব বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

স্বা/-
(মোঃ জাহাঙ্গীর আলম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
ময়মনসিংহ।

স্মারক নংঃ- ১৩.০১.৬১০০.০০৩.৪৯.১২৫.১৮.১৪৮৮(১০০) তারিখ ঃ ১৯/০৫/২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার ময়মনসিংহ বিভাগ।
৩) পরিচালক (সকল)............................................. খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫) পুলিশ সুপার, ময়মনসিংহ।
৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৭) সাইলো অধীক্ষক (সকল)..........................................সাইলো।
৮) সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
১০) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।
১১) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ।
১২) চলাচল ও সংরক্ষন নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)................................. ।
১৪) ব্যবস্থাপক (সকল).......................................সিএসডি.................... ।
১৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)...................................., ময়মনসিংহ।
১৬) সংরক্ষন ও চলাচল কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ এলএসডি-১, ময়মনসিংহ।
১৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) ......................................ময়মনসিংহ।
১৮) মেসার্স/জনাব ...........................................প্রোঃ ..............................................ঠিকানা ............................... ।
১৯) নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২০) মাষ্টার ফাইল।

(স্বাক্ষর) ১৯/৫/১৯

জেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সভাপতি
জেলা দরপত্র মুল্যায়ন কমিটি (খাদ্য)
ময়মনসিংহ।